ঝাড়গ্রাম রাজ কলেজ
বাংলা বিভাগ

স্নাতকোত্তর প্রবেশিকা পরীক্ষা ২০১৫

**D**

পূর্ণমান ৫০ সময় ১$^{১}$/২ ঘন্টা

১. *বিজয় গুপ্ত* কোন্ মঙ্গলকাব্য লিখেছিলেন?
a) চণ্ডীমঙ্গল b) অন্নদামঙ্গল c) শীতলামঙ্গল d) মনসামঙ্গল

২. মজিল মোর মনভ্রমরা/ কালিপদ নীলকমলে– রচয়িতা কে?
a) রামপ্রসাদ সেন b) কমলাকান্ত ভট্টাচার্য c) রাম বসু d) গোজলা গুঁই

৩. *চর্যাপদ*-এর মুনিদত্ত রচিত টীকাটি কোন্ ভাষায় রচিত?
a) বাংলা b) সন্ধ্যা c) প্রাকৃত d) সংস্কৃত

৪. *উজ্জ্বলনীলমণি* গ্রন্থটি কার লেখা?
a) সনাতন গোস্বামী b) রূপ গোস্বামী c) রঘুনাথ দাস d) শ্রীজীব গোস্বামী

৫. *গুণরাজ খান* কোন্ কাব্যটির রচয়িতা?
a) শ্রীকৃষ্ণকীর্তন b) শ্রীকৃষ্ণবিজয় c) শ্রীকৃষ্ণলীলা d)শ্রীকৃষ্ণসন্দর্ভ

৬. আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ/ করতলে করই বয়ন অবলম্ব– কোন্ পর্যায়ের পদ?
a) পূর্বরাগ b) রূপানুরাগ c) গৌরচন্দ্রিকা d) গৌরপদ

৭. *দাম* শব্দটির মূল উৎস
a) দ্রম্ম b) দ্রাখ্‌মা c) দ্রাঘিমা d) দ্রব্য

৮. *শ্রীকৃষ্ণকীর্তনের* কটি খণ্ড?
a) সাত b) নয় c) দশ d) তেরো

৯. *বিষাদসিন্ধু*-র রচয়িতা কে?
a) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় b) মীর মোশারফ হোসেন c) মণিলাল গঙ্গোপাধ্যায় d) ভূদেব মুখোপাধ্যায়

১০. মানিক দত্ত মঙ্গলকাব্যের কোন্ ধারার আদি কবিরূপে পরিচিত?
a) মনসামঙ্গল b) চণ্ডীমঙ্গল c) ধর্মমঙ্গল d) কালিকামঙ্গল

১১. *‘ওঝা’* শব্দটি এসেছে
a) কবিরাজ b) ওস্তাদ c) উপাধ্যায় d) উদ্দালক

১২. কোন সাহিত্যিক প্রাকৃত থেকে বাংলা ভাষার জন্ম?

a) শৌরসেনী b) মাগধী c) মাহারাষ্ট্রী d) পৈশাচী

১৩. কেউ বা তোমায় ভালোবাসে/ কেউ বা বাসতে পারে না যে, / কেউ বিকিয়ে আছে, কেউ বা/ সিকি পয়সা ধারে না যে– ছন্দ নির্ণয় করো

a) দলবৃত্ত b) কলাবৃত্ত c) মিশ্রবৃত্ত d) মুক্তক

১৪. *ওয়েভার্লি*-র রচয়িতা

a) স্কট b) ডিকেন্স c) থ্যাকারে d) ডিফো

১৫. *মেজার ফর মেজার* একটি --

a) ট্র্যাজেডি b) কমেডি c) ডার্ক কমেডি d) ঐতিহাসিক নাটক

১৬. *কাদম্বরী* একটি--

a) কাব্য b) ~~নাটক~~ কথা c) গদ্য আখ্যায়িকা d) চম্পূ কাব্য

১৭. *টিনটার্ন অ্যাবে*-র রচয়িতা

a) বায়রন b) শেলি c) কীটস্ d) ওয়ার্ডসওয়ার্থ

১৮. *মিকবার* চরিত্রটি কোন্ উপন্যাসের ?

a) হার্ড টাইমস্ b) ডেভিড কপারফিল্ড c) পিক্উইক পেপারস্ d) লিটল ডরিট

১৯. শুয়েছে ভোরের রোদ ধানের উপর মাথা পেতে/ অলস গেঁয়োর মতো এইখানে কার্ত্তিকের ক্ষেতে– অলঙ্কার নির্ণয় করো :

a) অপহ্নুতি b) সমাসোক্তি c) ব্যতিরেক d) উৎপ্রেক্ষা

২০. *অভিজ্ঞান শকুন্তলম্* নাটকের অঙ্কসংখ্যা-

a) তিন b) পাঁচ c) সাত d) আট

২১. শীতের ওড়নি পিয়া গিরীশের বা। / বরিষার ছত্র পিয়া দরিয়ার না ॥– কোন অলংকার

a) মালা রূপক b) মালোপমা c) উল্লেখ d) সন্দেহ

২২. দূরাদয়শ্চক্রনিভস্যতন্বীতমালতালীবনরাজিনীলা। / আভাতিবেলা লবণাম্বুরাশের্ধারানিবদ্ধেব কলঙ্করেখা ॥
-কোন্ কাব্যের শ্লোক?

a) রঘুবংশম্ b) মেঘদূতম্ c) কুমারসম্ভবম্ d) ঋতুসংহার

২৩. প্রকৃতকে প্রবল সাদৃশ্যবশত যদি পরাত্মা বলে তীব্র সংশয় হয়, তাহলে হয়-

a) সন্দেহ b) নিশ্চয় c) উৎপ্রেক্ষা d) উল্লেখ -অলঙ্কার

২৪. *মেঘনাদবধকাব্য*-র সর্গ সংখ্যা

a) সাত b) আট c) নয় d) দশ

২৫. সঠিক উত্তরটি নির্বাচন করো :

a) দুর্গেশনন্দিনী ১৯০৩ চোখের বালি ১৮৬৫ পুতুলনাচের ইতিকথা ১৯২৯ পথের পাঁচালী ১৯৩৬

b) দুর্গেশনন্দিনী ১৮৬৫ চোখের বালি ১৯২৯ পুতুলনাচের ইতিকথা ১৯৩৬ পথের পাঁচালী ১৯০৩

c) দুর্গেশনন্দিনী ১৮৬৫ চোখের বালি ১৯০৩ পুতুলনাচের ইতিকথা ১৯৩৬ পথের পাঁচালী ১৯২৯

d) দুর্গেশনন্দিনী ১৯২৯ চোখের বালি ১৯০৩ পুতুলনাচের ইতিকথা ১৯৩৬ পথের পাঁচালী ১৮৬৫

২৬. তানপ্রধান ধ্বনিপ্রধান শ্বাসাঘাতপ্রধান– বাংলা ছন্দের তিনরীতির এই নামকরণ করেছিলেন

a) সত্যেন্দ্রনাথ দত্ত b) অমূল্যধন মুখোপাধ্যায় c) প্রবোধচন্দ্র সেন d) তারাপদ মুখোপাধ্যায়

২৭. কাত হয়ে কান ধরে দাঁড়া,/ জিভখানা উলটিয়ে দেখা।/ ভালো করে বুঝেশুনে দেখি/ বিজ্ঞানে যেরকম লেখা।– কী ধরনের ছন্দ?

a) কলাবৃত্ত b) দলবৃত্ত c) মিশ্রবৃত্ত d) ~~গদ্যছন্দ~~ দলবৃত্ত ত্রিপদী.

২৮. *স্মৃতিরেখা* ও *তৃণাঙ্কুর*-এর লেখক

a) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় b) তারাশঙ্কর বন্দোপাধ্যায় c) মানিক বন্দোপাধ্যায় d) সুনীল গঙ্গোপাধ্যায়

২৯. *বিবিধপ্রবন্ধ*-এর অন্তর্গত 'শকুন্তলা, মিরন্দা ও দেসদিমোনা' রচনাটি একটি

a) সাহিত্যতাত্ত্বিক প্রবন্ধ b) সাহিত্যসমালোচনামূলক প্রবন্ধ c) ব্যক্তিগত প্রবন্ধ d) কোনটিই নয়

৩০. কি মোহিনী জান বধুঁ কি মোহিনী জান। / অবলার প্রাণ নিতে নাই তোমা হেন ॥– কোন্ পর্যায়ের পদ

a) পূর্বরাগ b) অভিসার c) প্রেমবৈচিত্ত্য d) ~~মাথুর~~ আক্ষেপানুরাগ.

৩১. *ফার্দিনান্দ দ্য স্যসুর*-এর ভাষাচিন্তা যে মতবাদে ব্যক্ত হয়েছে তা হল

a) ফর্মালিজম্ b) স্ট্রাকচারালিজম্ c) কলোনিয়ালিজম d) পোস্টমডার্নিজম্

৩২. বাংলা সাহিত্যে *সবুজপত্র* গুরুত্বপূর্ণ কেন ?

a) ছোটোগল্পের নানান পরীক্ষানিরীক্ষার জন্য b) সমাজসংক্রান্ত প্রবন্ধাবলি প্রকাশের জন্য c) সাহিত্যে চলিত ভাষা প্রচলনের জন্য d) রাজনৈতিক প্রবন্ধ প্রকাশের জন্য

৩৩. সুররিয়ালিস্টদের ম্যানিফেস্টো কে প্রথম প্রকাশ করেন?

a) বোদলেয়ার b) জা জেনে c) আঁদ্রে ব্রেঁতো d) আঁদ্রে জিদ্

৩৪. *চোখের বালি* কী ধরনের উপন্যাস ?

a) মনস্তাত্ত্বিক b) সামাজিক c) চেতনাপ্রবাহমূলক d) আত্মজীবনীমূলক

৩৫. *বঙ্গদর্শন*-এর প্রকাশকাল–

a) ১৮৩৩ b) ১৮৭৪ c) ১৮৫৫ d) ১৮৭২

৩৬. *পাঁক* উপন্যাসের লেখক–

a) গোকুল নাগ b) প্রেমেন্দ্র মিত্র c) শৈলজানন্দ মুখোপাধ্যায় d) অচিন্ত্য সেনগুপ্ত

৩৭. আরো এক বিপন্ন বিস্ময়/ আমাদের অন্তর্গত রক্তের ভিতরে/ খেলা করে;/ আমাদের ক্লান্ত করে,/ ক্লান্ত– ক্লান্ত করে।– কবিতার নাম কী?

a) আট বছর আগের একদিন b) বোধ c) শঙ্খমালা d) বুনোহাঁস

৩৮. *আলকাপ* লোকসংস্কৃতির কী ধরনের উপকরণ?

a) লোকনাট্য b) লোকসঙ্গীত c) লোকনৃত্য d) লোককথা

৩৯. *সেঁজুতি ব্রত* কোন্ মাসে পালিত হয়?

a) পৌষ b) অঘ্রান c) বৈশাখ d) ভাদ্র

৪০. *ন্যাশানাল থিয়েটার* (১৮৭২)-এ প্রথম অভিনীত নাটক

a) *লীলাবতী* b) *শর্মিষ্ঠা* c) *রত্নাবলী* d) *নীলদর্পণ*

৪১. '*ম্যানা*' শব্দটির জাতিপরিচয় কী?

a) পলিনেশীয় b) মেলানেশীয় c) চীনা d) ইংরেজি

৪২. তোমার সুখের ঘরে আমি হইলাম কাল– উক্তিটি কার?

a) চন্দ্রাবতী b) মহুয়া c) মলুয়া d) কাজলরেখা

৪৩. *বাংলার লোকসাহিত্য* গ্রন্থের রচয়িতা কে?

a) অবনীন্দ্রনাথ ঠাকুর b) বিনয় ঘোষ c) আশুতোষ ভট্টাচার্য d) রবীন্দ্রনাথ ঠাকুর

৪৪. *কুসুমের মাস*-এর লেখক

a) বুদ্ধদেব বসু b) সমর সেন c) জীবনানন্দ দাশ d) অজিত দত্ত

৪৫. *পঞ্চানন কর্মকার* ছিলেন–

a) কবি b) প্রাবন্ধিক c) হরফনির্মাতা d) পত্রিকা সম্পাদক

৪৬. অক্ষয়কুমার দত্ত কোন্ পত্রিকার সম্পাদক ছিলেন?

a) *সোমপ্রকাশ* b) *আর্যদর্শন* c) *তত্ত্ববোধিনী পত্রিকা* d) *বিবিধার্থ সংগ্রহ*

৪৭. *কাল্পনিক সংবদল* কার পরিচালনায় মঞ্চস্থ হয়?

a) গিরিশচন্দ্র ঘোষ b) লেবেদেভ c) অমৃতলাল বসু d) আশুতোষ দেব

৪৮. *আরামকেদারা* শব্দটিতে কোন্ ধরনের ধ্বনিপরিবর্তন লক্ষণীয়?

a) স্বরসঙ্গতি b) স্বরভক্তি c) সমীভবন d) ধ্বনিবিপর্যয়

৪৯. আসিয়া > আইস্যা > এসে – '*এসে*' শব্দটিতে অপিনিহিত 'ই'-র কী পরিণতি ঘটেছে?

a) পূর্ববর্তী স্বরধ্বনিতে মিশে গেছে b) পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে সন্ধি ঘটেছে c) অন্য স্বরধ্বনিতে রূপান্তরিত হয়েছে d) লোপ ঘটেছে

৫০. বাংলা চৈতন্যজীবনীগ্রন্থের মধ্যে কোনটি প্রাচীনতম?

a) চৈতন্যভাগবত b) শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত c) শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত d) চৈতন্যমঙ্গল



-----------

A

# ঝাড়গ্রাম রাজ কলেজ (বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত)

## স্নাতকোত্তর বাংলা

## প্রবেশিকা পরীক্ষা- ২০১৬

পূর্ণমান- ৫০ সময়- ১ ঘন্টা

প্রতিটি প্রশ্নের মান এক। ঠিক উত্তরটি নির্বাচন করোঃ—

১। কোন্ ধর্মদর্শনের উপর ভিত্তি ক'রে চর্যার পদগুলি রচিত হয়েছে?

a) অদ্বৈতবাদ b) বৌদ্ধ শূন্যবাদ c) বৌদ্ধ মহাযান মতবাদ d) তান্ত্রিক শৈবদর্শন

২। নিচের তালিকার কোন্ কবি মনসামঙ্গল কাব্য রচনা করেননি?

a) নারায়ণদেব b) বিপ্রদাস পিপলাই c) তন্ত্রবিভূতি d) শঙ্কর কবিচন্দ্র

৩। মালাধর বসু-র 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে কোন্ অংশটির অনুবাদ পাওয়া যায়না?

a) ভাগবতের নবম স্কন্দ b) ভাগবতের দশম স্কন্দ c) ভাগবতের একাদশ স্কন্দ d) হরিবংশ

৪। নিচের তালিকার কোন্ কবি চৈতন্যচরিতকার নন?

a) লোচনদাস b) মাধবাচার্য c) নরহরি চক্রবর্তী d) জয়ানন্দ

৫। "দুঁহু কোরে দুঁহু কাঁদে / বিচ্ছেদ ভাবিয়া / আধ তিল না দেখিলে / যায় যে মরিয়া"- কোন্ পর্যায়ের পদ?

a) প্রেমবৈচিত্ত্য b) আক্ষেপানুরাগ c) নিবেদন d) মান

৬। "মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন" কোন্ লেখকের রচনা?

a) রামপ্রসাদ b) ভারতচন্দ্র c) ঈশ্বর গুপ্ত d) কমলাকান্ত চক্রবর্তী

৭। 'নববাবুবিলাস' গ্রন্থটির রচয়িতা কে?

a) ভূদেব মুখোপাধ্যায় b) কৃষ্ণকমল ভট্টাচার্য c) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় d) তারকনাথ গঙ্গোপাধ্যায়

৮। বঙ্কিমচন্দ্রের কোন্ উপন্যাসে অনুশীলন তত্ত্বের প্রয়োগ দেখা যায়?

a) যুগলাঙ্গুরীয় b) দেবী চৌধুরানী c) সীতারাম d) ইন্দিরা

৯। 'কৃষ্ণচরিত্র' গ্রন্থের লেখকের নাম ও প্রকাশকাল চিহ্নিত করো।

a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর - ১৮৫৬ b) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার - ১৮১৯

c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় - ১৮৮৬ d) অক্ষয়কুমার দত্ত - ১৮৪১

১০। গ্রন্থ ও লেখকের নামের একমাত্র নির্ভুল গুচ্ছটি নির্বাচন করো -

a) লিপিমালা- হরপ্রসাদ রায়, পুরুষপরীক্ষা- রামরাম বসু, কথোপকথন- উইলিয়াম কেরী।

b) লিপিমালা- উইলিয়াম কেরী, পুরুষপরীক্ষা- রামরাম বসু, কথোপকথন- হরপ্রসাদ রায়

c) লিপিমালা- উইলিয়াম কেরী, পুরুষপরীক্ষা- হরপ্রসাদ রায়, কথোপকথন- রামরাম বসু।

d) লিপিমালা- রামরাম বসু, পুরুষপরীক্ষা- হরপ্রসাদ রায়, কথোপকথন- উইলিয়াম কেরী।

১১। পত্রিকা ও সম্পাদকের ঠিক জোড়টি বেছে নাও -

a) সাধনা- জ্ঞানদানন্দিনী দেবী b) বঙ্গদর্শন- অক্ষয়কুমার দত্ত c) কল্লোল- বুদ্ধদেব বসু

d) সবুজপত্র- প্রমথ চৌধুরী

১২। 'নবান্ন' নাটকটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

a) অরণি b) সবুজপত্র c) কালান্তর d) নাট্যপত্র

১৩। কোন্ জোড়টি ঠিক লেখো -

a) সাতটি তারার তিমির- বুদ্ধদেব বসু b) টপ্পা ঠুংরী- নীরেন্দ্রনাথ চক্রবর্তী c) সংবর্ত- বিষ্ণু দে

d) পারাপার- অমিয় চক্রবর্তী

১৪। ভুল জোড়টি চিহ্নিত কর -

a) মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে - শঙ্খ ঘোষ। b) যেতে পারি কিন্তু কেন যাব - শক্তি চট্টোপাধ্যায়।

c) ঘুমিয়েছো, ঝাউপাতা? - জয় গোস্বামী। d) কলকাতার যীশু - সুনীল গঙ্গোপাধ্যায়।

১৫। সুকুমার রায়ের লেখা একটি নাটকের নাম -

a) বকবধ পালা b) লক্ষ্মণের শক্তিশেল c) লম্বকর্ণ পালা d) হযবরল

১৬। শরৎচন্দ্রের উপন্যাস ও চরিত্রের যথার্থ সমন্বয়টি বেছে নাও -

a) পল্লীসমাজ - বেণী ঘোষাল b) চরিত্রহীন - বিপ্রদাস c) শেষ প্রশ্ন - অচলা d) গৃহদাহ - রমেশ

১৭। প্রকাশকাল সংক্রান্ত একমাত্র ঠিক উত্তরগুচ্ছটি বেছে নাও -

a) রাজসিংহ- ১৮৮৭ , গোরা- ১৯০৭ , বড়দিদি- ১৯১৩

b) গণদেবতা- ১৯৪২, পথের পাঁচালী- ১৯২৯, দিবারাত্রির কাব্য- ১৯৩৫

c) পাঁক- ১৯২৬, বেদে- ১৯৩৪, লাল মেঘ- ১৯৪৯

d) রমলা- ১৯২৩, কঙ্কাবতী- ১৮৯২, স্বর্ণলতা- ১৮৭০

১৮। ড্রামাটিক পারফর্মেন্স অ্যাক্ট চালু করা হয় – কত খৃষ্টাব্দে?

a) ১৮৭৩ b) ১৮৭৪ c) ১৮৭৫ d) ১৮৭৬

১৯। "হাথক দরপণ মাথক ফুল/ নয়নক অঞ্জন মুখক তাম্বুল"- কোন্ শ্রেণীর ছন্দ?

a) প্রত্নমাত্রাবৃত্ত। b) কলাবৃত্ত। c) মিশ্রবৃত্ত। d) দলবৃত্ত।

২০। গল্প ও গল্পকারের একমাত্র নির্ভুল গুচ্ছটি নির্বাচন করো -

a) অতিথি- রবীন্দ্রনাথ ঠাকুর, লুল্লু- প্রভাতকুমার মুখোপাধ্যায়, দেবী- ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়।

b) তারিণী মাঝি- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, কিন্নরদল- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, অতসীমামী- মানিক বন্দ্যোপাধ্যায়।

c) রস – নরেন্দ্রনাথ মিত্র, পয়োমুখম – জগদীশ গুপ্ত, সুন্দরম- প্রেমেন্দ্র মিত্র।

d) তেলেনাপোতা আবিষ্কার- প্রেমেন্দ্র মিত্র, পালংক- পরশুরাম, টোপ- নারায়ণ গঙ্গোপাধ্যায়।

২১। পাণ্ডব গোয়েন্দা ও ঋজুদা-রুদ্র জুটির লেখক কারা?

a) সমরেশ বসু ও লীলা মজুমদার

b) সৈয়দ মুজতবা সিরাজ ও সমরেশ মজুমদার

c) ষষ্ঠীপদ চট্টোপাধ্যায় ও বুদ্ধদেব গুহ

d) শীর্ষেন্দু মুখোপাধ্যায় ও সমরেশ মজুমদার

২২। রবীন্দ্রনাথের প্রথম আদর্শ পঞ্চাঙ্ক নাটক হল-

a) রক্তকরবী b) বিসর্জন c) রুদ্রচণ্ড d) রাজা ও রাণী

২৩। রবীন্দ্রনাথের অন্তিম কবিতার প্রথম পংক্তিটি -

a) চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির... b) তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি...

c) বৈরাগ্যসাধনে মুক্তি, সে আমার নয়... d) যদিও সন্ধ্যা আসিছে মন্দ মন্থরে...

২৪। গৌড়ীয় বৈষ্ণবদর্শন অনুযায়ী পূর্বরাগের ক'টি দশা?

a) ছটি। b) আটটি। c) দশটি। d) বারোটি।

২৫। 'ভক্তিরসামৃতসিন্ধু' গ্রন্থটির রচয়িতা কে?

a) সনাতন গোস্বামী। b) শ্রীরূপ গোস্বামী। c) শ্রীজীব গোস্বামী। d) কৃষ্ণদাস কবিরাজ।

২৬। 'মেঘদূত' অনুসৃত একটি অন্য কাব্যের নাম -

a) উত্তরচরিত। b) পবনদূত। c) ঋতুসংহার। d) গীতগোবিন্দম্।

২৭। বাণভট্টের সময়কাল -

a) ষষ্ঠ শতকের প্রথমার্ধ b) ষষ্ঠ শতকের দ্বিতীয়ার্ধ c) সপ্তম শতকের প্রথমার্ধ d) সপ্তম শতকের দ্বিতীয়ার্ধ

২৮। শেক্সপীয়র রচিত একটি ট্র্যাজেডি -

a) অ্যাজ ইউ লাইক ইট। b) কিং লীয়র। c) মাচ অ্যাডো অ্যাবাউট নাথিং। d) টেমিং অফ দ্য শ্রু।

২৯। 'প্রিফেস টু লিরিকাল ব্যালাড্‌স্' কবে প্রকাশিত হয়?

a) ১৭৯৯ b) ১৭৯৬ c) ১৭৯৮ d) ১৭৯০

৩০। 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল'-এর রচয়িতা কে?

a) টেনিসন। b) ইয়েটস। c) এজরা পাউণ্ড। d) টি এস এলিয়ট।

৩১। সঠিক স্তম্ভটি নির্বাচন করো -

a) প্রোফেসার শঙ্কু- সত্যজিত রায়
ঘনাদা – প্রেমেন্দ্র মিত্র
টেনিদা – নারায়ণ গঙ্গোপাধ্যায়
ব্যোমকেশ – শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

b) প্রোফেসার শঙ্কু- শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
ঘনাদা- নারায়ণ গঙ্গোপাধ্যায়
টেনিদা- সত্যজিৎ রায়
ব্যোমকেশ- প্রেমেন্দ্র মিত্র

c) প্রোফেসার শঙ্কু-নারায়ণ গঙ্গোপাধ্যায়
ঘনাদা- শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
টেনিদা – প্রেমেন্দ্র মিত্র
ব্যোমকেশ- সত্যজিৎ রায়

d) প্রোফেসার শঙ্কু- প্রেমেন্দ্র মিত্র
ঘনাদা- সত্যজিৎ রায়
টেনিদা- শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
ব্যোমকেশ – নারায়ণ গঙ্গোপাধ্যায়

৩২। "সম্মুখ সমরে পড়ি, বীর-চূড়ামণি /বীরবাহু, চলি যবে গেলা যমপুরে/ অকালে..."– কী ধরণের ছন্দ? a) গদ্যছন্দ। b) মুক্তক ছন্দ। c) অমিল প্রবহমান পয়ার। d) সমিল প্রবহমান পয়ার।

৩৩। "এ নহে মুখর বনমর্মর গুঞ্জিত/ এযে অজাগর গরজে সাগর ফুলিছে" – এখানে কোন্ অলঙ্কার সৃষ্ট হয়েছে?

a) ভ্রান্তিমান। b) অপহ্নুতি। c) নিশ্চয়। d) বিরোধাভাস।

৩৪। "ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান..." কোন্ অলঙ্কারের উদাহরণ?

a) বিরোধাভাস। b) বিষম। c) সমাসোক্তি। d) ব্যতিরেক।

৩৫। 'কপালকুণ্ডলা' কী ধরণের রচনা?

a) রোমান্স। b) ঐতিহাসিক রোমান্স। c) ঐতিহাসিক উপন্যাস। d) সামাজিক উপন্যাস।

৩৬। বাংলাসাহিত্যের প্রথম সনেট রচয়িতা কে?

a) রবীন্দ্রনাথ ঠাকুর। b) মাইকেল মধুসূদন দত্ত। c) প্রমথ চৌধুরী। d) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

৩৭। নিচের তালিকায় গ্রীক কমেডি রচয়িতা কে?

a) ইউরিপিদিস। b) ইস্কাইলাস। c) অ্যারিস্তোফেনেস। d) সফোক্লিস।

৩৮। নিচের তালিকার কোনটি আঞ্চলিক উপন্যাস নয়?

a) পদ্মানদীর মাঝি। b) তিতাস একটি নদীর নাম। c) হাঁসুলী বাঁকের উপকথা। d) অনুবর্তন।

৩৯। এর মধ্যে কোনটি গীতিকাব্য নয়, চিহ্নিত করো -

a) ব্যালাড। b) ওড। c) এলিজি। d) প্রার্থনাসংগীত।

৪০। সালভাদোর দালি-র সঙ্গে কোন শিল্প আন্দোলনের নাম জড়িয়ে আছে?

a) রোমান্টিসিজম। b) ন্যাচারালিজম। c) রিয়ালিজম। d) সার্‌রিয়ালিজম।

৪১। সিম্বলিক আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?

a) আঁদ্রে জিদ্। b) বোদলেয়ার। c) জাঁ জেনে। d) হেনরী জেমস্।

৪২। তোষলা ব্রত করা হয়-

a) শ্রাবণ-ভাদ্র। b) কার্তিক- অঘ্রাণ। c) অঘ্রাণ-পৌষ। d) ফাল্গুন-চৈত্র মাসে।

৪৩। হুইচল জাতির বাস কোথায়?

a) মেক্সিকো। b) আমেরিকা। c) রাশিয়া। d) ইংল্যাণ্ড।

৪৪। অতসী থেকে তিসি – কী ধরণের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?

a) স্বরলোপ। b) ব্যঞ্জনলোপ। c) সমীভবন। d) বর্ণবিপর্যয়।

৪৫। তেলেগু কোন ভাষাবংশের অন্তর্গত?

a) দ্রাবিড়। b) অস্ট্রিক। c) ইন্দো ইওরোপীয়। d) ভোট চীনীয়।

৪৬। যৌগিক ক্রিয়াপদে 'আছ্' ধাতুর স্থানে কোন্ উপভাষায় 'বট্' ধাতুর প্রয়োগ হয়?

a) রাঢ়ী। b) বঙ্গালী। c) ঝাড়খণ্ডী। d) কামরূপী।

৪৭। অ্যানানাস > আনারস – কী ধরণের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?

a) ধ্বনিবিপর্যয়। b) সমীভবন। c) লোকনিরুক্তি। d) বিপর্যাস।

৪৮। 'Origin and Development of Bengali Language' গ্রন্থটির রচনাকার কে?

a) মহ. শহীদুল্লাহ্। b) হরপ্রসাদ শাস্ত্রী। c) সুনীতিকুমার চট্টোপাধ্যায়। d) সুকুমার সেন।

৪৯। 'লালশালু' উপন্যাসটির রচয়িতা কে?

a) অদ্বৈত মল্লবর্মন। b) শওকত ওসমান। c) সৈয়দ ওয়ালিউল্লাহ্। d) আখতারুজ্জামান ইলিয়াস।

৫০। কালীপ্রসন্ন সিংহ-কে নিয়ে লেখা সুনীল গঙ্গোপাধ্যায় রচিত উপন্যাসের নাম -

a) প্রথম আলো। b) পূর্ব পশ্চিম। c) আত্মপ্রকাশ। d) সেই সময়।

--------------

# ঝাড়গ্রাম রাজ কলেজ

## (বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

## স্নাতকোত্তর বাংলা

## প্রবেশিকা পরীক্ষা- ২০১৭

## A

পূর্ণমান- ৫০ সময়- ১ ঘন্টা

প্রতিটি প্রশ্নের মান এক। ঠিক উত্তরটি নির্বাচন করোঃ—

1. কোন্ গ্রন্থটি মধ্যযুগীয় বাংলার নিদর্শন?

a) কবীন্দ্রবচনসমুচ্চয় b) সদুক্তিকর্ণামৃত c) চর্যাচর্যবিনিশ্চয় d) শ্রীকৃষ্ণকীর্তন

2. কোন্ চরিত্রটিকে চণ্ডীমঙ্গল কাব্যে পাওয়া যায়?

a) লহনা b) সনকা c) মাহুদ্যা d) রঞ্জাবতী

3. চৈতন্য মৃত্যুর কোন্ কারণটি চৈতন্যজীবনীকাব্যে পাওয়া যায়না?

a) সংকীর্তনকালে আঘাতজনিত বিষক্রিয়ায় মৃত্যু b) পুরীর সমুদ্রে মৃত্যু

c) জগন্নাথ মূর্তিতে বিলীন হ'য়ে যাওয়া d) পুরীর মন্দিরে গুপ্তহত্যায় মৃত্যু

4. সঠিক গুচ্ছটি চিহ্নিত করোঃ-

a) অদ্বৈতবাদ- আচার্য শঙ্কর
দ্বৈতবাদ- নিম্বার্ক
বিশিষ্টাদ্বৈতবাদ- রামানুজ
দ্বৈতাদ্বৈতবাদ- গৌড়ীয় বৈষ্ণবদর্শন

b) অদ্বৈতবাদ- নিম্বার্ক
দ্বৈতবাদ- গৌড়ীয় বৈষ্ণবদর্শন
বিশিষ্টাদ্বৈতবাদ- রামানুজ
দ্বৈতাদ্বৈতবাদ- আচার্য শঙ্কর

c) অদ্বৈতবাদ- আচার্য শঙ্কর
দ্বৈতবাদ- গৌড়ীয় বৈষ্ণবদর্শন
বিশিষ্টাদ্বৈতবাদ- রামানুজ
দ্বৈতাদ্বৈতবাদ- নিম্বার্ক

d) অদ্বৈতবাদ- রামানুজ
দ্বৈতবাদ- নিম্বার্ক
বিশিষ্টাদ্বৈতবাদ- আচার্য শঙ্কর
দ্বৈতাদ্বৈতবাদ- গৌড়ীয় বৈষ্ণবদর্শন

5. 'জালালি কলিমা' কোন্ কাব্যে পাওয়া যায়?

a) চণ্ডীমঙ্গল b) নাথসাহিত্য c) ধর্মমঙ্গল d) কোনোটিই নয়

6. চন্দ্রাবতী কোন্ কাব্য রচনা করেছিলেন?

a) রামায়ণ b) মহাভারত c) মনসামঙ্গল d) ধর্মমঙ্গল

7. "সুখের লাগিয়া এ'ঘর বাঁধিনু/ অনলে পুড়িয়া গেল"- কোন্ রসপর্যায়ের পদ?

a) পূর্বরাগ b) আক্ষেপানুরাগ c) ভাবসম্মিলন d) প্রেমবৈচিত্ত্য

8. "সখি কি পুছসি অনুভব মোয়"- পদটির রচয়িতা কে?

a) বিদ্যাপতি b) রায়শেখর c) গোবিন্দদাস d) জ্ঞানদাস

9. "জয় যোগেন্দ্র জয় মহামায়া/ মহিমা অসীম তোমার"- পদকর্তা কে?

a) কমলাকান্ত চক্রবর্তী b) রামপ্রসাদ সেন c) দেওয়ান নন্দকুমার d) অ্যান্টনী ফিরিঙ্গী

10. "গিরি, এবার আমার উমা এলে আর উমা পাঠাব না"- এটি শাক্ত পদাবলীর কোন্ পর্যায়ের পদ?

a) পূর্ব-আগমনী b) বিজয়া c) উত্তর-আগমনী d) ভক্তের আকূতি

11. কোন্ গ্রন্থটি ফোর্ট উইলিয়াম কলেজের পাঠক্রমের উদ্দেশ্যে লেখা হয়নি?

a) প্রভাবতী সম্ভাষণ b) লিপিমালা c) হিতোপদেশ d) কথোপকথন

12. বাংলা হরফ নির্মাণের প্রাথমিক পর্বে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন-

a) মার্শম্যান b) উপেন্দ্রকিশোর রায়চৌধুরি c) অক্ষয়কুমার দত্ত d) পঞ্চানন কর্মকার

13. 'বাংলা ভাষার প্রথম ব্যাকরণ ও শব্দকোষ'-এর রচয়িতা কে?

a) ম্যানুয়েল দ্য আসুম্পসাঁও b) দোম আন্তোনিও c) হ্যালহেড d) রামমোহন রায়

14. সঠিক গুচ্ছটি বেছে নাও-

a) স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস -ভূদেব মুখোপাধ্যায়
পালামৌ- সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
পরিব্রাজক- বিবেকানন্দ
কলিকাতা কমলালয়- ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

b) স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস- বিবেকানন্দ
পালামৌ- সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
পরিব্রাজক- ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়
কলিকাতা কমলালয়- ভূদেব মুখোপাধ্যায়

c) স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস-সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
পালামৌ-ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়
পরিব্রাজক- স্বামী বিবেকানন্দ
কলিকাতা কমলালয়- ভূদেব মুখোপাধ্যায়

d) পরিব্রাজক- সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়
স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস-ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়
পরিব্রাজক- ভূদেব মুখোপাধ্যায়
কলিকাতা কমলালয়- বিবেকানন্দ

15. কোনটি রূপক অলঙ্কারের উদাহরণ?

a) মুখ যেন চন্দ্র b) মুখচন্দ্র c) মুখ নয় চন্দ্র d) মুখ নাকি চন্দ্র?

16. “কণ্ঠ পাকড়ি ধরিল আঁকড়ি/ দুইজনা দুইজনে/ দংশনক্ষত শ্যেনবিহঙ্গ/ যুঝে ভূজঙ্গ সনে”- কোন্ অলঙ্কার প্রযুক্ত হয়েছে?

a) শ্লেষ b) বক্রোক্তি c) প্রতীয়মানোৎপ্রেক্ষা d) উপমা

17. “দুয়ার এঁটে ঘুমিয়ে আছে পাড়া/ কেবল শুনি রাতের কড়া নাড়া/ অবনী বাড়ি আছো?”- কোন্ ধরনের ছন্দ?

a) মাত্রাবৃত্ত b) মিশ্রবৃত্ত c) দলবৃত্ত d) মহাপয়ার

18. “ঐ আসে ঐ অতি ভৈরব হরষে/ জলসিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে”- কোন্ রীতির ছন্দ?

a) মাত্রাবৃত্ত b) কলাবৃত্ত c) প্রত্ন মাত্রাবৃত্ত d) গদ্যছন্দ

19. উপন্যাস ও ঔপন্যাসিকের নামের ঠিক সমন্বয়টি বেছে নাও।

a) মাধবীকঙ্কণ- রমেশচন্দ্র দত্ত
স্নেহলতা- স্বর্ণকুমারী দেবী
বেনের মেয়ে- হরপ্রসাদ শাস্ত্রী
স্বর্ণলতা- তারকনাথ গঙ্গোপাধ্যায়

b) মাধবীকঙ্কণ- স্বর্ণকুমারী দেবী
স্নেহলতা- হরপ্রসাদ শাস্ত্রী
বেনের মেয়ে- তারকনাথ গঙ্গোপাধ্যায়
স্বর্ণলতা- রমেশচন্দ্র দত্ত

c) মাধবীকঙ্কণ- হরপ্রসাদ শাস্ত্রী
স্নেহলতা- তারকনাথ গঙ্গোপাধ্যায়
বেনের মেয়ে- স্বর্ণকুমারী দেবী
স্বর্ণলতা- রমেশচন্দ্র দত্ত

d) মাধবীকঙ্কণ- রমেশচন্দ্র দত্ত
স্নেহলতা- হরপ্রসাদ শাস্ত্রী
বেনের মেয়ে- তারকনাথ গঙ্গোপাধ্যায়
স্বর্ণলতা- স্বর্ণকুমারী দেবী

20. নাটক ও নাট্যকারের সঠিক সমন্বয়টি নির্বাচন করো।

a) কুলীনকুলসর্বস্ব- রামনারায়ণ তর্করত্ন
জামাই বারিক- দীনবন্ধু মিত্র
জনা- গিরিশচন্দ্র ঘোষ
সিংহল বিজয়- দ্বিজেন্দ্রলাল রায়

b) কুলীনকুলসর্বস্ব- দীনবন্ধু মিত্র
জামাই বারিক- গিরিশচন্দ্র ঘোষ
জনা- দ্বিজেন্দ্রলাল রায়
সিংহলবিজয়- রামনারায়ণ তর্করত্ন

c) কুলীনকুলসর্বস্ব- গিরিশচন্দ্র ঘোষ
জামাই বারিক- দ্বিজেন্দ্রলাল রায়
জনা- গিরিশচন্দ্র ঘোষ রামনারায়ণ তর্করত্ন
সিংহল বিজয়- দীনবন্ধু মিত্র

b) কুলীনকুলসর্বস্ব- দ্বিজেন্দ্রলাল রায়
জামাই বারিক- রামনারায়ণ গঙ্গোপাধ্যায়।
জনা- গিরিশচন্দ্র ঘোষ
সিংহলবিজয়- দীনবন্ধু মিত্র

21. সপ্ত > সাত - কী ধরনের ধ্বনিপরিবর্তনের উদাহরণ?

a) বর্ণলোপ b) সমীভবন c) মাত্রাপূরক দীর্ঘীভবন d) স্বরাগম

22. উর্ণবাভ > উর্ণনাভ – কী ধরনের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?

a) লোকনিরুক্তি b) সাদৃশ্য c) সমীভবন d) বিষমীভবন

23. 'হাঁস ছিল সজারু (ব্যাকরণ মানিনা)/ হয়ে গেল হাঁসজারু, কেমনে তা জানিনা'- রেখাঙ্কিত শব্দটি কী ধরনের?

a) মিশ্রশব্দ b) জোড়কলম শব্দ c) সংকর শব্দ d) বিদেশী শব্দ

24. 'আদিখ্যেতা' শব্দের উৎস কী?

a) আধিক্যতা b) অধিকতা c) আদিকথা d) আধাকথা

25. 'সাঁতরা' শব্দটির মূল বা উৎস কী?

a) সামন্তরাজ b) সপ্তরাজ c) সন্তরাজ d) সন্তরাজা

26. রবীন্দ্রনাথের দেশপ্রেমের ধারণা কোন্ উপন্যাসে প্রকাশিত হয়েছে?

a) বউ ঠাকুরানির হাট b) মালঞ্চ c) চতুরঙ্গ d) ঘরে বাইরে

27. 'তপতী' কোন্ নাটকের পরিবর্তিত রূপ?

a) রাজা ও রাণী b) বিসর্জন c) রাজা d) রক্তকরবী

28. 'মায়ার খেলা' একটি -

a) কাব্যনাট্য b) গীতিনাট্য c) নৃত্যনাট্য d) নাট্যকাব্য

29. কোন্ রচনাটি প্রত্যক্ষত আত্মজীবনীমূলক নয়?

a) জীবনস্মৃতি b) ছেলেবেলা c) আত্মপরিচয় d) আপন কথা

30. 'ওয়েস্টল্যাণ্ড' কাব্যগ্রন্থটির প্রকাশকাল চিহ্নিত করো।

a) ১৯২৫ b) ১৯৩০ c) ১৯২২ d) ১৯২০

31. কোন্ উপন্যাসটি চার্লস ডিকেন্স-এর রচিত?

a) পামেলা b) টম জোনস c) এ টেল অফ টু সিটিজ d) রোব রয়

32. নিম্নলিখিত কোন্ রচনাটি দৃশ্যকাব্য নয়?

a) অভিজ্ঞানশকুন্তলম্ b) বিক্রমোর্বশীয় c) মালতীমাধব d) ঋতুসংহার

33. "বসুধালিঙ্গনধূসরস্তনী/ বিললাপ বিকীর্ণমূর্দ্ধজা"- কোন্ রচনার অন্তর্গত?

a) কুমারসম্ভব b) মৃচ্ছকটিক c) মেঘদূত d) রঘুবংশ

34. ‘বক্রোক্তি কাব্যজীবিতম্’-এর প্রবক্তা কে?

a) আচার্য কুন্তক b) বামন c) দণ্ডী d) ক্ষেমেন্দ্র

35. সালভাদোর দালি কোন্ সাহিত্যিক আন্দোলনের সঙ্গে সম্পর্কিত ছিলেন?

a) সিম্বলিজম্ b) ন্যাচারালিজম্ c) ফর্ম্যালিজম্ d) স্যুররিয়ালিজম্

36. ‘বাংলার ব্রত’ প্রবন্ধে হুইচল জাতির কোন্ উপাসনার কথা উল্লেখ করা হয়েছে?

a) পৃথিবী উপাসনা b) সূর্য উপাসনা c) সমুদ্রবন্দনা d) অরণ্য উপাসনা

37. ভাওয়াইয়া কোন্ অঞ্চলের লোকশিল্প?

a) বীরভূম b) রঙপুর c) উত্তরবঙ্গ d) খুলনা

38. তালিকাভুক্ত কোন্ উপন্যাসটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়-এর লেখা নয়?

a) শেষ প্রশ্ন b) অরক্ষণীয়া c) নববিধান d) রমলা

39. ‘দেশে বিদেশে’-র রচয়িতা কে?

a) সৈয়দ মুজতবা আলি b) সৈয়দ মুজতবা সিরাজ c) এস ওয়াজেদ আলি

d) মীর মশাররফ হোসেন

40. লেখক ও সৃষ্ট চরিত্রের সমন্বয় থেকে ভুলটি বাছাই করো-

a) ডিটেকটিভ মোহন- শশধর দত্ত b) মিতিন মাসি- সুচিত্রা ভট্টাচার্য c) বরদাচরণ-শীর্ষেন্দু মুখোপাধ্যায়

d) কিরীটি রায়- হেমেন্দ্রকুমার রায়

41. উপন্যাস ও উপন্যাসের চরিত্রের ঠিক গুচ্ছটি বেছে নাও।

a) দুর্গেশনন্দিনী-দলনী বেগম b) চন্দ্রশেখর-ভবানী পাঠক c) সীতারাম-শ্রী d) ইন্দিরা-লবঙ্গলতা

42. ‘শাজাহান ও তার নিজস্ব বাহিনী’ – গল্পটির রচয়িতা কে?

a) শীর্ষেন্দু মুখোপাধ্যায় b) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় c) সুনীল গঙ্গোপাধ্যায় d) বিমল কর

43. ‘পদীপিসির বর্মীবাক্স’- এর লেখক কে?

a) সুখলতা রাও b) লীলা মজুমদার c) আশাপূর্ণা দেবী d) নবনীতা দেবসেন

44. ২০১৬ সালের সাহিত্যিক নোবল্ পুরস্কার প্রাপকের নাম-

a) জে.এম.কোয়েটজি b) চিনুয়া আছেবে c) বব ডিলান d) হারুকি মুরাকামি

45. উপন্যাস ও ঔপন্যাসিকের নির্ভুল সমন্বয়টি বেছে নাও।

a) কাঙাল মালসাট- নবারুণ ভট্টাচার্য
হাওয়াগাড়ি- শ্যামল গঙ্গোপাধ্যায়
সাদা খাম- মতি নন্দী
দোজখনামা- রবিশংকর বল

b) কাঙাল মালসাট- নবারুণ ভট্টাচার্য
হাওয়াগাড়ি- রবিশংকর বল
সাদা খাম- শ্যামল গঙ্গোপাধ্যায়
দোজখনামা- মতি নন্দী

c) কাঙাল মালসাট- রবিশংকর বল
হাওয়াগাড়ি- শ্যামল গঙ্গোপাধ্যায়
সাদা খাম- মতি নন্দী
দোজখনামা- নবারুণ ভট্টাচার্য

d) কাঙাল মালসাট- শ্যামল গঙ্গোপাধ্যায়
হাওয়াগাড়ি- নবারুণ ভট্টাচার্য
সাদা খাম- রবিশংকর বল
দোজখনামা- মতি নন্দী

46. নাটক ও নাট্যকারের ঠিক জোড়টি নির্বাচন করো।

a) শের আফগান- উৎপল দত্ত
দুখীর ইনাম- তুলসী লাহিড়ি
দেবীগর্জন- বিজন ভট্টাচার্য
বাকি ইতিহাস- বাদল সরকার

b) শের আফগান- তুলসী লাহিড়ি
দুখীর ইনাম- বাদল সরকার
দেবীগর্জন- উৎপল দত্ত
বাকি ইতিহাস- বিজন ভট্টাচার্য

c) শের আফগান- বিজন ভট্টাচার্য
দুখীর ইনাম- তুলসী লাহিড়ি
দেবীগর্জন- উৎপল দত্ত
বাকি ইতিহাস- বাদল সরকার

d) শের আফগান- তুলসী লাহিড়ি
দুখীর ইনাম- উৎপল দত্ত
দেবীগর্জন- বাদল সরকার
বাকি ইতিহাস- বিজন ভট্টাচার্য

47. 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসটির রচয়িতা কে?

a) আখতারুজ্জামান ইলিয়াস b) শওকত ওসমান c) সেলিনা হোসেন d) সৈয়দ ওয়ালিউল্লাহ্

48. কবি ও কাব্যগ্রন্থের ভুল জোড় কোন্‌টি?

a) জীবনানন্দ দাশ- সাতটি তারার তিমির
b) সমর সেন- অন্বিষ্ট
c) অমিয় চক্রবর্তী- হারানো অর্কিড
d) সুধীন্দ্রনাথ দত্ত- অর্কেস্ট্রা

49. "ফাটা ডিমে আর তা দিয়ে কী ফল পাবে/ মনস্তাপেও লাগবে না তাতে জোড়া"

a) অজিত দত্ত b) সঞ্জয় ভট্টাচার্য c) সুধীন্দ্রনাথ দত্ত d) বুদ্ধদেব বসু

50. "ভিতর দিকে আছেন যারা একটু মশাই নড়ুন/ চাপ সৃষ্টি করুন দাদা চাপ সৃষ্টি করুন"- কবিতাটির কবি কে?

a) অন্নদাশঙ্কর রায় b) শঙ্খ ঘোষ c) শ্রীজাত d) নীরেন্দ্রনাথ চক্রবর্তী

------------------------------

# ঝাড়গ্রাম রাজ কলেজ

## স্নাতকোত্তর প্রবেশিকা পরীক্ষা- ২০১৮

## Group- A

পূর্ণমান- ২৫ / সময়- ৪৫ মিনিট

APPLICATION FORM NO. ____________________

NAME ____________________

ROLL NO. ____________________

নিচের ২৫ টি প্রশ্নের ক্ষেত্রে সঠিক উত্তরে '✓' চিহ্ন দাও। একাধিক উত্তরে চিহ্ন থাকলে উত্তরটিতে নম্বর পাওয়া যাবেনা।

২৫x১=২৫

১। নিম্নের কোন্ রচনাটি প্রাচীন যুগের সাহিত্যের উদাহরণ নয়?

a) শ্রীকৃষ্ণকীর্তন b) চর্যাচর্যবিনিশ্চয় c) গাথাসত্তসঈ d) সদুক্তিকর্ণামৃত

২। "স্মর-গরল খণ্ডনং মম শিরসি মণ্ডনম্
দেহি পদ-পল্লবমুদারম্"- শ্লোকটির রচয়িতা -

a) কালিদাস b) জয়দেব c) ভবভূতি d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

৩। দৌলত কাজী 'লোরচন্দ্রানী' কার পৃষ্ঠপোষকতায় রচনা করেন?

a) থিরি-থু-ধম্মা b) মাগনঠাকুর c) আশরফ খান d) সৈয়দ মাসুদ শাহ

৪। "মাধব বহুত মিনতি করি তোয়
দেই তুলসী তিল _______ সমর্পিলুঁ..." -- শূন্যস্থান পূরণ করো-

a) এ আঁখি b) এ মন c) এ দেহ d) এ অঙ্গ

৫। 'অঙ্গুরীয় বিনিময়'-এর রচয়িতা কে?

a) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় b) ঈশ্বরচন্দ্র গুপ্ত c) নবীনচন্দ্র সেন d) ভূদেব মুখোপাধ্যায়

৬। মধুসূদনের কোন্ কাব্যটি আদ্যন্ত মিত্রাক্ষরে রচিত?

a) বীরাঙ্গনা b) মেঘনাদবধ c) ব্রজাঙ্গনা d) তিলোত্তমা সম্ভব

৭। 'মুচিরাম গুড়ের জীবনচরিত'-এর রচনাকার কে?

a) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় c) শিবরাম চক্রবর্তী d) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

৮। প্রমথনাথ বিশী-র 'কেরি সাহেবের মুন্সী' গ্রন্থটি কাকে অবলম্বন করে লেখা?

a) উইলিয়াম কেরি b) চণ্ডীচরণ মুন্সী c) রামরাম বসু d) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

৯। রবীন্দ্রনাথ রচিত কোন্ গ্রন্থটি ছোটগল্প সংকলন নয়?

a) গল্পগুচ্ছ b) তিনসঙ্গী c) সে d) লেখন

১০। 'বিসর্জন' নাটকের বিষয়বস্তুর সঙ্গে রবীন্দ্রনাথের অন্য কোন্ রচনার মিল আছে?

a) রাজা b) রাজা ও রাণী c) রাজর্ষি d) বউ ঠাকুরাণীর হাট

১১। শরৎচন্দ্রের কোন্ উপন্যাসকে রোমান্টিক কমেডি বলা যায়?

a) বিপ্রদাস b) দেবদাস c) দত্তা d) শেষ প্রশ্ন

১২। "আমার সাজানো বাগান শুকিয়ে গেল"- এই বিখ্যাত উক্তি কোন্ নাটকে রয়েছে?

a) শাজাহান b) প্রফুল্ল c) ব্যাপিকাবিদায় d) একেই কি বলে সভ্যতা?

১৩। "ফুল ফুটুক না ফুটুক, আজ বসন্ত"- কোন্ কবির রচিত পংক্তি?

a) সুনীল গঙ্গোপাধ্যায় b) সুভাষ মুখোপাধ্যায় c) শক্তি চট্টোপাধ্যায় d) শঙ্খ ঘোষ

১৪। 'শাশ্বতী' কবিতার রচয়িতা-

a) সুধীন্দ্রনাথ দত্ত b) বুদ্ধদেব বসু c) বিষ্ণু দে d) অমিয় চক্রবর্তী

১৫। 'বেনের মেয়ে' উপন্যাসের লেখক কে?

a) স্বর্ণকুমারী দেবী b) প্রভাতকুমার মুখোপাধ্যায় c) রমেশচন্দ্র সেন d) রাখালদাস বন্দ্যোপাধ্যায়

১৬। 'দোজখনামা' উপন্যাসের রচয়িতা কে?

a) আখতারুজ্জামান ইলিয়াস b) সেলিনা হোসেন c) রবিশংকর বল d) সন্দীপন চট্টোপাধ্যায়

১৭। কোন্ নাটকটি উৎপল দত্তের লেখা নয়?

a) ফেরারী ফৌজ b) এবং ইন্দ্রজিৎ c) অঙ্গার d) কল্লোল

১৮। এর মধ্যে কোন্ কাব্যগ্রন্থের রচয়িতা কবি জয় গোস্বামী নন?

a) উন্মাদের পাঠক্রম b) ক্রিসমাস ও শীতের সনেটগুচ্ছ c) গোল্লা d) শয়নযান

১৯। রবীন্দ্রনাথের 'সহজপাঠ'-এর চিত্রকর-

a) রবীন্দ্রনাথ স্বয়ং b) রামকিঙ্কর বেইজ c) নন্দলাল বসু d) অবনীন্দ্রনাথ ঠাকুর

২০। মৌলিক স্বরধ্বনির মধ্যে কোন্‌দুটি অর্ধবিবৃত (half open)?

a) অ্যা, অ b) এ, ও c) ই, এ d) আ, উ

২১। কোন্ উপভাষায় স্বরসঙ্গতির প্রভাব বেশি?

a) রাঢ়ী b) বঙ্গালী c) বরেন্দ্রী d) ঝাড়খণ্ডী

২২। 'চন্দ্র' থেকে 'চাঁদ' কী ধরনের ধ্বনিপরিবর্তন?

a) নাসিক্যীভবন b) স্বতোনাসিক্যীভবন c) স্বরসঙ্গতি d) স্বরভক্তি

২৩। 'আক্কেল' শব্দটি কোন্ ভাষা থেকে আগত?

a) আরবি b) ফারসি c) তুর্কি d) ওলন্দাজ

২৪। "নগর পুড়িলে দেবালয় কি এড়ায়?"—এখানে কোন্ অলঙ্কার হয়েছে?

a) কাকু বক্রোক্তি b) শ্লেষ বক্রোক্তি c) যমক d) উপমা

২৫ । "মহাভারতের কথা অমৃতসমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।" –এই পংক্তিদ্বয় নিচের কোন্ পদ্ধতিতে রচিত?

a) পয়ার b) মহাপয়ার c) প্রবহমান পয়ার d) অমিত্রাক্ষর

------------------------------

# ঝাড়গ্রাম রাজ কলেজ

## স্নাতকোত্তর প্রবেশিকা পরীক্ষা- ২০১৮

## Group- B

পূর্ণমান- ২৫ / সময়- ৪৫ মিনিট

APPLICATION FORM NO. ______________________

NAME ______________________

ROLL NO. ______________________

(প্রশ্নপত্রের মধ্যে সমস্ত উত্তর লেখো)

১। বাংলায় অনুবাদ করোঃ- ৫

"The school has a classroom, but the teacher prefers to take classes in the open courtyard on a cold december morning. He sits on a chair with a missing arm, his legs folded on the seat like scissors, his beck turned to the pale sun above low mist-wrapped hills. Around him are knots of children of different age groups, about three dozen of them. They sit on the ocre ground (লালমাটি), a few of them on tiny palm-leaf mats, hunched over books and pieces of slate. A low hum of young voices joins quiet village sounds- the bleating of goats (ছাগলের ডাক), the groaning of a well's pulley- and melts in the surrounding stubble (ন্যাড়া) fields."

২। যে কোনও দুটি বই সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখোঃ- ৫x২=১০

চৈতন্যভাগবত, চতুর্দশপদী কবিতাবলী, কমলাকান্তের দপ্তর, রক্তকরবী, আবোল তাবোল, জাগরী, পথের পাঁচালি, তিতাস একটি নদীর নাম, রূপসী বাংলা, সেই সময়, মনোজদের অদ্ভুত বাড়ি।

৩। ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করো- (যে কোনও একটি) ১০

বৈষ্ণবপদে ঋতু, মধ্যযুগে অনুবাদচর্চা, রবীন্দ্ররচনার প্রাসঙ্গিকতা, গণনাট্য আন্দোলন, টেনিদা, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায় ও কল্পবিজ্ঞান, সাহিত্যের চলচ্চিত্রায়ণ, সাহিত্য ও সমাজ, বইপড়া, বাংলা শিশুসাহিত্য।

# ঝাড়গ্রাম রাজ কলেজ

## বাংলা বিভাগ

## স্নাতকোত্তর ভর্তি পরীক্ষা – ২০১৯

## A

পূর্ণমান – ৫০ সময়- ১ ঘন্টা

সঠিক বিকল্পটি (ক, খ, গ, ঘ) OMR SHEET – এর নির্দিষ্ট খোপে স্পষ্ট অক্ষরে লেখো। অস্পষ্ট অক্ষরে নম্বর পাওয়া যাবে না।

১। মুনিদত্তের টীকাগ্রন্থের নাম – ক) চর্যাগীতিকোষবৃত্তি খ) চর্যাচর্যবিনিশ্চয় গ) আশ্চর্যচর্যাচয় ঘ) নির্মলগিরা

২। চর্যার তিব্বতী অনুবাদের প্রথম খোঁজ দেন - ক) মহম্মদ শহীদুল্লাহ খ) সুকুমার সেন গ) সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ) রাহুল সাংকৃত্যায়ন

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যকে 'নাটগীতি পাঞ্চালী' বলেছেন - ক) অসিত বন্দ্যোপাধ্যায় খ) ভূদেব চৌধুরী গ) গোপাল হালদার ঘ) সুকুমার সেন

৪। "ঋতুশশী বেদশশী পরিমিত শক।/ সুলতান হুসেন শাহ নৃপতিতিলক" - উদ্ধৃত শ্লোকটি কার কাব্যে পাওয়া যায়? ক) কেতকাদাস ক্ষেমানন্দ খ) বিজয়গুপ্ত গ) নারায়ণ দেব ঘ) বিপ্রদাস পিপিলাই

৫। মুকুন্দ চক্রবর্তীকে 'কবিকঙ্কণ' উপাধি দিয়েছিলেন - ক) বাঁকুড়া রায় খ) রঘুনাথ রায় গ) হুসেন শাহ্ ঘ) মামুদ শরিফ

৬। এই তালিকায় কে চৈতন্যজীবনীকার নন? ক) রূপ গোস্বামী খ) জয়ানন্দ গ) লোচনদাস ঘ) মুরারী গুপ্ত

৭। 'আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ' - কোন্ রসপর্যায়ের পদ? ক) গৌরাঙ্গবিষয়ক খ) অভিসার গ) গৌরচন্দ্রিকা ঘ) পূর্বরাগ

৮। 'শিক্ষাষ্টক'-এর রচয়িতা - ক) কবিকর্ণপুর খ) শ্রীচৈতন্যদেব গ) শ্রীজীব গোস্বামী ঘ) শ্রীরূপ গোস্বামী

৯। বৈষ্ণব রসশাস্ত্র অনুসারে রসের সংখ্যা ক'টি? ক) ৩ খ) ৫ গ) ৯ ঘ) ১০

১০। 'তোহ্‌ফা' কাব্যের রচয়িতা - ক) দৌলত কাজী খ) সাবিরিদ খাঁ গ) সৈয়দ আলাওল ঘ) শাহ্ মুহম্মদ সগীর

১১। বাংলাভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা – ক) বঙ্গদর্শন খ) সংবাদ প্রভাকর গ) প্রবাসী ঘ) বালক

১২। শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশন স্থাপিত হয় - ক) ১৮০০ খৃষ্টাব্দে খ) ১৮০১ খৃষ্টাব্দে গ) ১৮০২ খৃষ্টাব্দে ঘ) ১৮০৩ খৃষ্টাব্দে

১৩। এই তালিকার কোন্ রচনাটিকে মহাকাব্য রচনার প্রয়াস বলা যায় না? ক) বৃত্রসংহার খ) প্রভাস গ) রৈবতক ঘ) পলাশীর যুদ্ধ

১৪। উল্লিখিত কোন্ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের সাহিত্যভাবনা প্রকাশ পেয়েছে? ক) বাঙ্গালার ইতিহাস খ) কৃষ্ণচরিত্র গ) গীতিকবিতা ঘ) একটি গীত

১৫। রবীন্দ্রনাথ ঠাকুরের অন্তিম ছোটগল্প সংকলন কোন্‌টি? ক) লিপিকা খ) সে গ) গল্পসল্প ঘ) তিনসঙ্গী

১৬। 'হাঁসজারু' কী ধরণের শব্দ? ক) জোড়কলম খ) দেশী গ) অর্ধতৎসম ঘ) নবগঠিত

১৭। 'A Grammar of the Bengali Language' – গ্রন্থটির রচয়িতা কে? ক) ব্লুমফিল্ড খ) চমস্কি গ) হ্যালহেড ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

১৮। 'গামছা' শব্দটি কী ধরণের ধ্বনিপরিবর্তনের ফলে আগত? ক) স্বরলোপ খ) স্বরাগম গ) ধ্বনিবিপর্যয় ঘ) অভিশ্রুতি

১৯। সং. তিক্তকারী > তিত্‌কারী > টিটকারি – ধ্বনিপরিবর্তনের যে ধারাটি অনুসরণ করেছে – তা হলো – ক) অল্পপ্রাণীভবন খ) স্বতোমূর্ধন্যীভবন গ) নাসিক্যীভবন ঘ) স্বতোনাসিক্যীভবন

২০। আনুনাসিক ধ্বনির বহুল ব্যবহার যে উপভাষার বৈশিষ্ট্য – ক) রাঢ়ী খ) বঙ্গালী গ) বরেন্দ্রী ঘ) ঝাড়খণ্ডী

২১। 'কন্‌হ' কোন্ ভাষার শব্দ? ক) পালি খ) অপভ্রংশ গ) অবহট্ঠ ঘ) প্রাকৃত

২২। 'লিরিকাল ব্যালাডস'- এ কোন্ দুই কবির কবিতা আছে? ক) ব্লেক ও বায়রন খ) ওয়ার্ডসওয়ার্থ ও কোলরিজ গ) শেলি ও কীটস ঘ) ইয়েটস ও এলিয়ট

২৩। 'নিকোলাস নিকোলবি' গ্রন্থের রচয়িতা - ক) চার্লস ডিকেন্স খ) ওয়াল্টার স্কট গ) হারম্যান মেলভিল ঘ) এমিলি ব্রন্টি

২৪। 'অ্যালিস ইন ওয়াণ্ডারল্যাণ্ড' কার লেখা? ক) সালমা লাগেরলফ খ) এডগার রাইজ বারোজ গ) রোয়াল ডাহল ঘ) ল্যুই ক্যারল

২৫। কোন্ রচনাটি শেক্সপীয়র রচিত নয়? ক) ম্যাকবেথ খ) ডেভিড কপারফিল্ড গ) আ মিড সামার নাইটস ড্রিম ঘ) দ্য টেম্পেস্ট

২৬। উত্তরবঙ্গের মুখ্য লোকসঙ্গীত প্রকরণ - ক) ভাটিয়ালি খ) ঝুমুর গ) চটকা ঘ) ভাওয়াইয়া

২৭। 'আলকাপ' কোন্ জেলার বিশিষ্ট লোকনাট্য? ক) মালদহ খ) জলপাইগুড়ি গ) মুর্শিদাবাদ ঘ) কোচবিহার

২৮। 'এনসিয়েন্ট সোসাইটি' গ্রন্থটি রচনা করেন - ক) মরিস ব্লুমফিল্ড খ) ফ্রান্সিস বেকন গ) ল্যুই হেনরী মর্গ্যান ঘ) কার্ল মার্ক্স

২৯। কোন্ গ্রন্থে পশুকথার বহুল উদাহরণ পাওয়া যায়? ক) পঞ্চতন্ত্র খ) কথাসরিতসাগর গ) জাতক ঘ) বেতাল পঞ্চবিংশতি

৩০। 'ঠাকুমার ঝুলি' কী জাতীয় কাহিনীর সংকলন? ক) উপকথা খ) লোককথা গ) মিথ ঘ) রূপকথা

৩১। 'কেরী সাহেবের মুন্সী' কার লেখা? ক) প্রমথ চৌধুরী খ) প্রমথনাথ বিশী গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) ভূদেব মুখোপাধ্যায়।

৩২। 'ধনঞ্জয় বৈরাগী' ছদ্মনাম ব্যবহার করতেন – ক) সুনীল গঙ্গোপাধ্যায় খ) তরুণ রায় গ) শক্তি চট্টোপাধ্যায় ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

৩৩। জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ - ক) মুণ্ডহীন ধরগুলি আহ্লাদে চিৎকার করে খ) যেতে পারি, কিন্তু কেন যাবো? গ) ক্রন্দসী ঘ) ভুতুম ভগবান

৩৪। ঝাড়গ্রাম এবং এর পার্শ্ববর্তী অঞ্চলের জনজীবন যাঁর লেখায় সর্বাধিক প্রকাশিত ক) চিত্তরঞ্জন মাইতি খ) নলিনী বেরা গ) আশাপূর্ণা দেবী ঘ) সুনীল গঙ্গোপাধ্যায়

৩৫। 'আমরা যাইনি মরে আজো – তবু কেবলি দৃশ্যের জন্ম হয় / মহীনের ঘোড়াগুলো ঘাস খায় কার্তিকের জ্যোৎস্নার প্রান্তরে' – কবিতাটি বিশ্লেষণের ক্ষেত্রে আমরা যে সাহিত্য মতবাদকে অবলম্বন করে থাকি ক) ডাডাবাদ খ) বাস্তববাদ গ) পরাবাস্তববাদ ঘ) যাদু বাস্তববাদ

৩৬। সাহিত্য আকাদেমি পুরস্কার প্রাপ্ত গ্রন্থগুলির নাম ও লেখকের নামের সঠিক তালিকাটি চিহ্নিত করো -

ক) পিয়া মন ভাবে – বাণী বসু
শ্রীকৃষ্ণের শেষ ক'টা দিন – বিনয় মজুমদার
খনামিহিরের ঢিবি – উৎপলকুমার বসু
হাসপাতালে লেখা কবিতাগুচ্ছ – সঞ্জীব চট্টোপাধ্যায়

খ) পিয়া মন ভাবে – বিনয় মজুমদার
শ্রীকৃষ্ণের শেষ ক'টা দিন – উৎপলকুমার বসু
খনামিহিরের ঢিবি – সঞ্জীব চট্টোপাধ্যায়
হাসপাতালে লেখা কবিতাগুচ্ছ – বাণী বসু

গ) পিয়া মন ভাবে – উৎপলকুমার বসু
শ্রীকৃষ্ণের শেষ ক'টা দিন – সঞ্জীব চট্টোপাধ্যায়
খনামিহিরের ঢিবি – বাণী বসু
হাসপাতালে লেখা কবিতাগুচ্ছ – বিনয় মজুমদার

ঘ) পিয়া মন ভাবে – সঞ্জীব চট্টোপাধ্যায়
শ্রীকৃষ্ণের শেষ ক'টা দিন – বাণী বসু
খনামিহিরের ঢিবি – বিনয় মজুমদার
হাসপাতালে লেখা কবিতাগুচ্ছ – উৎপলকুমার বসু

৩৭। 'পদীপিসির বর্মীবাক্স' কার রচনা? ক) লীলা মজুমদার খ) আশাপূর্ণা দেবী গ) প্রেমেন্দ্র মিত্র ঘ) সত্যজিৎ রায়

৩৮। উপন্যাস ও ঔপন্যাসিকের নামের সঠিক তালিকাটি চিহ্নিত করো -

ক) আরোগ্য নিকেতন – জগদীশ গুপ্ত
প্রথম প্রতিশ্রুতি – তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
লঘুগুরু – আশাপূর্ণা দেবী
মানবজমিন - শীর্ষেন্দু মুখোপাধ্যায়

খ) আরোগ্য নিকেতন – তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
প্রথম প্রতিশ্রুতি – আশাপূর্ণা দেবী
লঘুগুরু – জগদীশ গুপ্ত
মানবজমিন – শীর্ষেন্দু মুখোপাধ্যায়

গ) আরোগ্য নিকেতন – আশাপূর্ণা দেবী
প্রথম প্রতিশ্রুতি – শীর্ষেন্দু মুখোপাধ্যায়
লঘুগুরু – জগদীশ গুপ্ত
মানবজমিন - তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

ঘ) আরোগ্য নিকেতন – শীর্ষেন্দু মুখোপাধ্যায়
প্রথম প্রতিশ্রুতি – জগদীশ গুপ্ত
লঘুগুরু – তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
মানবজমিন - আশাপূর্ণা দেবী

৩৯। কবি ও কাব্যগ্রন্থের নামের সঠিক তালিকাটি চিহ্নিত করো -

ক) সাতটি তারার তিমির – জীবনানন্দ দাশ
যত দূরেই যাই – সুভাষ মুখোপাধ্যায়
উর্বশী ও আর্টেমিস – বিষ্ণু দে
শীতকাল কবে আসবে সুপর্ণা – ভাস্কর চক্রবর্তী

খ) সাতটি তারার তিমির – সুভাষ মুখোপাধ্যায়
যত দূরেই যাই – ভাস্কর চক্রবর্তী
উর্বশী ও আর্টেমিস – জীবনানন্দ দাশ
শীতকাল কবে আসবে সুপর্ণা – বিষ্ণু দে

গ) সাতটি তারার তিমির – বিষ্ণু দে
যত দূরেই যাই – জীবনানন্দ দাশ
উর্বশী ও আর্টেমিস – ভাস্কর চক্রবর্তী
শীতকাল কবে আসবে সুপর্ণা – সুভাষ মুখোপাধ্যায়

ঘ) সাতটি তারার তিমির – ভাস্কর চক্রবর্তী
যত দূরেই যাই – বিষ্ণু দে
উর্বশী ও আর্টেমিস – সুভাষ মুখোপাধ্যায়
শীতকাল কবে আসবে সুপর্ণা –জীবনানন্দ দাশ

৪০। প্রবন্ধগ্রন্থ ও প্রাবন্ধিকের নামের সঠিক তালিকাটি চিহ্নিত করো -

ক) দেশকালপাত্র – অন্নদাশঙ্কর রায়
দেশে বিদেশে – সৈয়দ মুজতবা আলী
কালের পুতুল – বুদ্ধদেব বসু
পান্থজনের সখা – আবু সৈয়দ আইয়ুব

খ) দেশকালপাত্র – সৈয়দ মুজতবা আলি
দেশে বিদেশে – বুদ্ধদেব বসু
কালের পুতুল – আবু সৈয়দ আইয়ুব
পান্থজনের সখা – অন্নদাশঙ্কর রায়

গ) দেশকালপাত্র – বুদ্ধদেব বসু
দেশে বিদেশে – আবু সৈয়দ আইয়ুব
কালের পুতুল – অন্নদাশঙ্কর রায়
পান্থজনের সখা - সৈয়দ মুজতবা আলি

ঘ) দেশকালপাত্র – আবু সৈয়দ আইয়ুব
দেশে বিদেশে – অন্নদাশঙ্কর রায়
কালের পুতুল - সৈয়দ মুজতবা আলি
পান্থজনের সখা – বুদ্ধদেব বসু

৪১। নাটক ও নাট্যকারের নামের সঠিক তালিকাটি চিহ্নিত করো -

ক) মিছিল - উৎপল দত্ত
কল্লোল - বিজন ভট্টাচার্য
দেবীগর্জন – গিরিশচন্দ্র ঘোষ
বিল্বমঙ্গল ঠাকুর – বাদল সরকার

খ) মিছিল – বাদল সরকার
কল্লোল - উৎপল দত্ত
দেবীগর্জন – বিজন ভট্টাচার্য
বিল্বমঙ্গল ঠাকুর – গিরিশচন্দ্র ঘোষ

গ) মিছিল - বিজন ভট্টাচার্য
কল্লোল – বাদল সরকার
দেবীগর্জন - গিরিশচন্দ্র ঘোষ
বিল্বমঙ্গল ঠাকুর - উৎপল দত্ত

ঘ) মিছিল - গিরিশচন্দ্র ঘোষ
কল্লোল – উৎপল দত্ত
দেবীগর্জন – বাদল সরকার
বিল্বমঙ্গল ঠাকুর – বিজন ভট্টাচার্য

৪২। "আদিম কালের চাঁদিম হিম,/ তোড়ায় বাঁধা ঘোড়ার ডিম।/ ঘনিয়ে এল ঘুমের ঘোর,/ গানের পালা সাঙ্গ মোর" – কোন্ কবির রচনা?

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) সত্যেন্দ্রনাথ দত্ত গ) সুকুমার রায় ঘ) নীরেন্দ্রনাথ চক্রবর্তী

৪৩। কোন্ গ্রন্থটি কালিদাস রচিত নয়? ক) বিক্রমোর্বশীয় খ) মালবিকাগ্নিমিত্রম্ গ) উরুভঙ্গম্ ঘ) ঋতুসংহার।

৪৪। সম্পূর্ণ গদ্যে রচিত গ্রন্থটির নাম চিহ্নিত করো - ক) কাদম্বরী খ) মৃচ্ছকটিকম্ গ) মুদ্রারাক্ষস ঘ) রঘুবংশম্

৪৫। এই নাটকগুলির মধ্যে কোনটি ট্র্যাজেডি? ক) কৃষ্ণকুমারী খ) গোড়ায় গলদ গ) ব্যাপিকা বিদায় ঘ) অলীকবাবু

৪৬। "কাআ তরুবর পাঞ্চবি ডাল/ চঞ্চল চীএ পৈঠা কাল" - কোন্ রীতির ছন্দ? ক) দলবৃত্ত খ) জটিল কলাবৃত্ত গ) প্রত্ন মাত্রাবৃত্ত ঘ) মুক্তক

৪৭। মিশ্রকলাবৃত্ত ছন্দের মাত্রাগণনারীতি - ক) প্রতিপদে রুদ্ধদল ও মুক্তদল একমাত্রা খ) পদের আদিতে রুদ্ধদল দু'মাত্রা গ) পদমধ্যে রুদ্ধদল দু'মাত্রা ঘ) পদান্তে রুদ্ধদল দু'মাত্রা।

৪৮। "আবরিছে দিননাথে ঘন ঘন রবে" - কোন্ অলংকার প্রযুক্ত হয়েছে? ক) রূপক খ) ব্যজস্তুতি গ) যমক ঘ) উপমা

৪৯। ধ্বনিপ্রস্থানের প্রবক্তা কে? ক) আনন্দবর্ধন খ) অভিনবগুপ্ত গ) কুন্তক ঘ) বিশ্বনাথ কবিরাজ

৫০। ভারতবর্ষের প্রাচীনতম অলঙ্কারশাস্ত্র সংক্রান্ত গ্রন্থটি কী? ক) দণ্ডী-র 'কাব্যাদর্শ' খ) বামন-এর 'কাব্যালঙ্কারসূত্রবৃত্তি' গ) ভরত-এর 'নাট্যশাস্ত্র' ঘ) রাজশেখর-এর 'কাব্যমীমাংসা'

---